

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



স্মারক নম্বর:

তারিখ: ২৯ চৈত্র ১৪২৬

৪১.০০.০০০০.০২৬.৯৯.০০২.১৯.৭৪

১২ এপ্রিল ২০২০

বিষয়: করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ প্রতিরোধে সকল প্রতিবন্ধী/ঝুঁকিতে থাকা প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে আর্থিক, খাদ্য ও অন্যান্য সহায়তা প্রদানের লক্ষ্যে অর্থ ব্যয়ের অনুমতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থ বছরে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিবালয় অংশের সহায়তা কার্যক্রমের আওতাভুক্ত ১৩৫০০৯০০০ জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর কল্যাণ অনুদান খাত হতে ১.০০ (এক কোটি) টাকা করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ প্রতিরোধে জেলা প্রশাসনের সহযোগিতায় এনডিডিসহ সকল প্রতিবন্ধী/ঝুঁকিতে থাকা প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে আর্থিক, খাদ্য ও অন্যান্য সহায়তা প্রদানের ব্যয় নির্বাহের জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো। বর্ণিত ১.০০ (এক কোটি) টাকার মধ্যে প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ৫০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় এর সচিবালয় অংশ হতে পুনঃউপযোজনের মাধ্যমে ৫০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা ব্যয় নির্বাহ করা হবে।

উল্লেখ্য যে, ঢাকা জেলা ব্যতিত অন্যান্য ৬৩ জেলায় জেলা প্রশাসকের মাধ্যমে এবং ঢাকা জেলায় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর ব্যবস্থাপনা পরিচালকের মাধ্যমে জেলাভিত্তিক প্রতিবন্ধীর হার অনুযায়ী আর্থিক, খাদ্য ও অন্যান্য সহায়তা প্রদান করতে হবে।

১২-৪-২০২০

মোহাম্মদ হোসেন

সহকারী সচিব

ফোন: +৮৮০২ ৯৫৪৬২৫৭

ইমেইল: mhossain1969@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

স্মারক নম্বর:

তারিখ: ২৯ চৈত্র ১৪২৬

৪১.০০.০০০০.০২৬.৯৯.০০২.১৯.৭৪/১(১৬)

১২ এপ্রিল ২০২০

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়


৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৪) প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়

৫) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৬) অতিরিক্ত সচিব, বাজেট, কার্যক্রম ও মূল্যায়ন অনুবিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

- ৭) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর
৮) যুগ্ম সচিব(বাজেট-৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) যুগ্মসচিব, বাজেট ও ব্যবস্থাপনা, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
১০) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১২) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়
১৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি ও ইনোভেশন শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়
১৪) চিফ একাউন্স এন্ড ফিন্যান্স অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সেগুন বাগিচা,
ঢাকা।
১৫) চিফ অপারেটিং অফিসার, সূচনা ফাউন্ডেশন, ঢাকা।
১৬) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।



১২-৪-২০২০

মোহাম্মদ হোসেন
সহকারী সচিব